সমকাল

তারিখ ..26. AUG..2015... ...
পৃষ্ঠা ...২... কলাম.....৬.....

# নোয়াখালী মেডিকেল কলেজ গেটে তালা ঝুলিয়ে শিক্ষার্থীদের বিক্ষোভ

■ নোয়াখালী সংবাদদাতা

নোয়াখালী আব্দুল মালেক উকিল মেডিকেল কলেজে দু'দিন ধরে ১০ দফা দাবি আদায়ের লক্ষ্যে শিক্ষার্থীরা কলেজ গেটে তালা ঝুলিয়ে বিক্ষোভ করছেন। এতে শিক্ষক-কর্মচারীরা অবরুদ্ধ হয়ে পড়েছেন।

মঙ্গলবার শিক্ষক পরিষদের সভায় শিক্ষার্থীদের উপস্থাপিত দাবিগুলো দ্রুততম সময়ের মধ্যে পূরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে চিঠি পাঠানো হবে বলে কলেজ অধ্যক্ষ জানান।

শিক্ষার্থীরা জানান, কলেজ ক্যাম্পাসে বিশুদ্ধ পানি সংকট, একাডেমিক ভবন সংকট, বাস ও অ্যাম্বুলেন্স সংকট, কলেজের সামনে প্রধান সড়কে স্পিডব্রেকার নির্মাণ, হোস্টেল সমস্যা, নিরাপত্তা সমস্যা, লিফট ও জেনারেটর সংকট, পরিষ্কার-পরিচ্ছন্নতা সমস্যা, কলেজে মিল সিস্টেম চালু ও লাইব্রেরিতে পর্যাপ্ত বই সরবরাহের জন্য শিক্ষার্থীরা দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছেন। এতে শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত কলেজ গেটে তালা দিয়ে মিছিল করেন ও শিক্ষকদের অবরুদ্ধ করে রাখেন। সোমবার কলেজের কাজে অধ্যক্ষ ঢাকায় থাকায় উপাধ্যক্ষ ডা. আবু নাছেরসহ দায়িত্বশীলরা স্থানীয় সংসদ সদস্য মামুনুর রশিদ কিরন ও চৌমুহনী পৌর মেয়র আখতার হোসেন ফয়সলের সঙ্গে যোগাযোগ করে মঙ্গলবার সকালে আলোচনায় বসার সিদ্ধান্ত জানালে তারা কলেজের গেট খুলে দেন। মঙ্গলবার সকাল ১০টা থেকে ফের তারা কলেজ গেটে তালা দিয়ে ভেতরে অপেক্ষা করতে থাকলেও বিকেল পর্যন্ত সংসদ সদস্য ও পৌর মেয়র কলেজ ক্যাম্পাসে যাননি।